

📃 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯:৮৫

া আরবি মূল আয়াত:

يُومَ نَحشُرُ المُتَّقِينَ إِلَى الرَّحمٰنِ وَفدًا ﴿٨٥﴾

যেদিন পরম করুণাময়ের নিকট মুক্তাকীদেরকে সম্মানিত মেহমানরূপে সমবেত করব, — আল-বায়ান যেদিন মুক্তাকীদেরকে দয়াময়ের নিকট একত্রিত করব সম্মানিত অতিথি হিসেবে। — তাইসিরুল যেদিন আমি দয়াময়ের নিকট মুক্তাকীদের সম্মানিত মেহমান রূপে সমবেত করব। — মুজিবুর রহমান

On the Day We will gather the righteous to the Most Merciful as a delegation — Sahih International

৮৫. যেদিন দয়াময়ের নিকট মুত্তাকীগণকে সম্মানিত মেহমানরূপে(১) আমরা সমবেত করব

(১) যারা বাদশাহ, অথবা কোন শাসনকতাঁর কাছে সম্মান ও মর্যাদা সহকারে বাহনে চড়ে গমন করে, তাদেরকে বলা হয়। [ইবন কাসীর; ফাতহুল কাদীর] আয়াত থেকে বুঝা যায় যে, ঈমানদারদেরকে অত্যন্ত সম্মানের সাথে তাদের প্রভুর সমীপে নিয়ে যাওয়া হবে। তাদেরকে জান্নাত ও সম্মানিত ঘরে প্রবেশ করানো হবে। [ফাতহুল কাদীর] পরবর্তী আয়াতে এর উল্টো চিত্রই ফুটে উঠেছে। সেখানে অপরাধীদেরকে তৃষ্ণার্ত অবস্থায় জাহান্নামে প্রবেশ করানোর কথা বলা হয়েছে। [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৮৫) (স্মরণ কর,) যেদিন আমি পরম দয়াময়ের নিকট সাবধানীদেরকে অতিথিরূপে (সওয়ার অবস্থায়) সমবেত করব।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2335

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন